প্রশ্ন উত্তরে আলা হযরত

রাদিয়াল্লাহু তায়ালা আনহু



Sunniduniya.in

উরসে রেজবীর
শতবর্ষ উপলক্ষে
প্রকাশিত

মুফতী মহম্মদ জোবায়ের হোসাইন মুজাদ্দেদী রেজবী
মোবাইল নং-9564500730

প্রকাশনায়-তানজিমে উলামায়ে ফুরকানিয়া

Sunniduniya.in

প্রশ্ন উত্তরে আলা হযরত

ڈال دی قلب میں عظمت مصطفیٰ
سیدی اعلیٰ حضرت پہ لاکھوں سلام

উরসে রেজবী শতবর্ষ উপলক্ষে
প্রকাশিত
প্রকাশনায়-তানজিমে উলামায়ে ফুরকানিয়া

----------(((((((((০১))))))))----------

Pdf By Saddam Hossain

Sunniduniya.in

৭৮৬/৯২

তানজিমে উলামায়ে ফুরকানিয়া আয়োজিত
শতবর্ষ উরসে রেজবীর
সাফল্য কামনায়

বুলবুল প্রিন্টিং প্রেস
এন্ড
মুক্ত কম্পিউটার্স

স্থান-নশীপুর বড় মসজিদ মোড়
নশীপুর বালাগাছি ঃ রানীতলা ঃ মুর্শিদাবাদ
CALL- 9733527526/9382226164

Pdf By Saddam Hossain

Sunniduniya.in

প্রকাশক
তানজিমে উলামায়ে ফুরকানিয়া

সংকলন ও অনুবাদ
মুফতী জোবায়ের হোসাইন মুজাদ্দেদী রেজ্‌বী
শিক্ষক ঃ ফুরকানিয়া আলিমিয়া ইসলামিয়া মাদ্রাসা
নশীপুর বালাগাছি, রানীতলা, মুর্শিদাবাদ

প্রথম প্রকাশ
উরসে রেজবীর শতবর্ষ উপলক্ষে
২৮শে অক্টোবর ২০১৮

বইটি প্রকাশে সার্বিক সহযোগিতা করেছেন
মাওলানা আবুল কালাম আমজাদী
শিক্ষক ঃ ফুরকানিয়া আলিমিয়া ইসলামিয়া মাদ্রাসা

টাইপ সেটিং
বুলবুল প্রিন্টিং প্রেস ও রঞ্জু কম্পিউটার্স
নশীপুর মসজিদ মোড়, রানীতলা, মুর্শিদাবাদ

প্রচ্ছদ
মহঃ মিজানুল হক
নশীপুর, রানীতলা, মুর্শিদাবাদ

Sunniduniya.in



উৎসর্গ

বিশ্ব বিখ্যাত পীর ফাতহে আরব ও আযম জানেসিন মুফতীয়ে আযম হিন্দ মাজহারে হুজ্জাতুল ইসলাম সাহজাদায়ে মুফাসসিরে আজম, কাজিউল ক্বোজা ফিল হিন্দ তাজুশ শারিয়াহ, রাহবারে শরীয়ত ও তরিকত, শাইখুল ইসলাম মুফতী মহম্মদ ইসমাইল রাজা অর্থাৎ **মুফতী মহম্মদ আখতার রাজা খাঁন** সুন্নী হানাফি ক্বাদেরী আজহারী রহমাতুল্লাহি আলায়হির প্রতি।

এই বইটি সংকলন কালে অক্লান্ত পরিশ্রম ও সময় ব্যয় করে সহযোগিতা করেছেন আমার সম্মানীয় শিক্ষক পীরে তরিকত রাহবারে শরীয়ত মুর্শিদে বারহক্ক, ওলিয়ে কামেল, সুন্নী জগৎ পত্রিকার কার্য্যনির্বাহী সম্পাদক, ফুরকানিয়া মাদ্রাসার প্রধান শিক্ষক হযরত আল্লামা আলহাজ্জ মহম্মদ বাদরুল ইসলাম মুজাদ্দেদী রেজবী মাদ্দাজিল্লাহুল আলী। মহান আল্লাহপাকের নিকট তার দীর্ঘ জীবন ও সুস্থতা কামনা করি। আমিন।



Pdf By Saddam Hossain

Sunniduniya.in

প্রশ্ন উত্তরে আলা হযরত

আমার আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি
ওয়াদি রেজা কি, কোহে হিমালা রেজা কা হ্যায়
জিস সামত দেখিয়ে ওহ এলাকা রেজা কা হ্যায়
আওরো নে তো লিখা হ্যায় বহুত ইলমে দ্বীন পর
যো কুছ হ্যায় ইস স্বাদিমে ওহ তানহা রেজা কা হ্যায়।

সত্য বলেছেন ও বুঝিয়েছেন, সত্য ব্যাতিত সব কিছু এড়িয়ে চলেছেন। সত্যের সাহায্য, সত্যের সম্মান, সত্যের মর্যাদা আলা হযরত।

❖ প্রশ্ন ঃ- সাইয়েদুনা সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির জন্ম কবে হয়েছিল ?

☆ উত্তর ঃ–১০ই শাওয়াল ১২৭২ হিজরী মোতাবিক ১৪ই জুন ১৮৫৬ খ্রীষ্টাব্দ।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির জন্ম কোন মহল্লায় হয়েছিল?

☆ উত্তর ঃ–জাসুলী মহল্লায়।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির বুজুর্গ পিতার নাম কি ?

☆ উত্তর ঃ–হযরত মাওলানা নাক্বী আলী খাঁ রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির সম্মানীয়া মাতার নাম কি ?

☆ উত্তর ঃ–হোসাইনি খানম বিনতে আসফানন্দ ইয়ারবেগ।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির শ্রোদ্ধেয়া বিবির নাম কি ?

☆ উত্তর ঃ–আরশাদ বেগম বিনতে শাইখ আফজাল হোসাইন ওসমানী।

❖ প্রশ্ন ঃ- সাইয়েদুনা আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পুরা নাম কি ছিল ?

☆ উত্তর ঃ–ইমাম আহমদ রেজা খাঁ ফাজিলে বেরলবী রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির শাজারায়ে নসবের মধ্যে কে সূজায়াতে জঙ্গ (যুদ্ধবাজ) উপাধিতে ভূষিত হন ?

☆ উত্তর ঃ–মহম্মদ সায়িদুল্লাহ খান।

----------(((((((((০৫))))))))----------

❖ প্রশ্ন ঃ- ইমামে আহমদ রেজা খাঁন ফাজিলে বেরেলবী রহমাতুল্লাহি আলায়হির জন্ম সূত্র ও ঐতিহাসিক নাম কি ?

☆ উত্তর ঃ–জন্মসুত্র নাম-মহম্মদ, ঐতিহাসিক নাম-আল মুখতার।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির নাম আহমদ রেজা কে রেখেছিলেন?

☆ উত্তর ঃ–তাঁর বুজর্গ দাদা মাওলানা রেজা আলী খাঁ রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি ১৩শত হিজরীর কতটা সময় পেয়েছিলেন ?

☆ উত্তর ঃ–৩৮ বৎসর ২ মাস ২০ দিন।

❖ প্রশ্ন ঃ- সাইয়েদুনা আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি১৪ শত হিজরীর কতটা সময় পেয়েছিলেন ?

☆ উত্তর ঃ–৩৯ বছর ১মাস ২৫ দিন।

❖ প্রশ্ন ঃ- সাইয়েদুনা ফাজিলে বেরলবী রহমাতুল্লাহি আলায়হি সর্বপ্রথম কোন অক্ষর পড়া হতে বিরত ছিলেন ?

☆ উত্তর ঃ–লাম আলিফ। বলেন যে মুফরাদ অক্ষরের মধ্যে মুরাক্কাব অক্ষর কোথা থেকে আসল আমি লাম ও আলিফ দুটোই তো পড়ে নিয়েছি।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কত বছর বয়সে কোরআন শরীফ দেখে খতম করেছিলেন ?

☆ উত্তর ঃ–৪ বছর বয়সে (১২৭৬ হিজরী ১৮৬০ খ্রীষ্টাব্দে)।

❖ প্রশ্ন ঃ- মাত্র ৬ বৎসর বয়সে উত্তম ভাষায় মিলাদ শরীফ পড়া ব্যক্তির নাম কি ?

☆ উত্তর ঃ–সাইয়েদুনা আলা হযরত আলায়হির রহমা।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি আলিমিয়াতের সনদ কত বৎসর বয়সে হাসিল করেন ?

☆ উত্তর ঃ–১৩ বৎসর ১০ মাস ৫ দিন বয়সে। (১৮৬৯ খ্রীষ্টাব্দে, ১২৮৬ হিজরীতে)।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কত বৎসর বয়সে হিদায়াতুন নুহ পুস্তকের শারাহ লিখেন ?

☆ উত্তর ঃ–৮ বছর বয়সে।

❖ প্রশ্ন ঃ- মুজাদ্দিদে দ্বীন ও মিল্লাত ইমাম আহমদ রেজা রহমাতুল্লাহি আলায়হি নিজ পিতার নিকট হতে কত প্রকার উলম ও ফুনুন হাসিল করেন ?

☆ উত্তর ঃ–২১ প্রকার ইলমে কুরআন হতে শুরু করে ইলমে হিন্দসা পর্যন্ত।

----------(((((((((০৬))))))))----------

Sunnidunia.in

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি সর্বপ্রথম কোন মাসয়ালার ফাতাওয়া দিয়েছিলেন ?

☆ উত্তর ঃ–দুগ্ধপানের (১৮৬৯ খ্রীষ্টাব্দ) (এই মাসয়ালা আহলে ইলমদের নিকট খুবই গুরুত্বপূর্ণ)।

❖ প্রশ্ন ঃ- সাইয়েদুনা আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পীর ও মুর্শিদের নাম কি ছিল ?

☆ উত্তর ঃ–উস্তাদুল আরিফিন হযরত মাওলানা সাইয়েদ আলে রাসুল মারে হারোবী রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- ইমাম আহমদ রেজা রহমাতুল্লাহি আলায়হি কত প্রকার উলুম ও ফুনুন এ সম্পুর্ণ জ্ঞান অর্জন করেছিলেন ?

☆ উত্তর ঃ–৫৯ (উনুষাট) প্রকার।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি বেরেলী শরীফে কোন মাদ্রাসার ভিত্তি স্থাপন করেন ?

☆ উত্তর ঃ–জামিয়া মানজারে ইসলাম এর (১৩২২ হিজরীতে)।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পবিত্র কোরআন শরীফের তরজমাকে কি বলা হয় ?

☆ উত্তর ঃ–কানজুল ঈমান (ঈমানের খাজানা)।

❖ প্রশ্ন ঃ- ইমাম আহমদ রেজা রহমাতুল্লাহি আলায়হি কানজুল ঈমান কেন দান করেন ?

☆ উত্তর ঃ–জীবনের পুঁজি ও ঈমানের সালামতি জন্য।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ফাতাওয়া সমূহ কোন নামে পরিচিত ?

☆ উত্তর ঃ–ফাতাওয়ায়ে রাজাবিয়াহ নামে পরিচিত।

❖ প্রশ্ন ঃ- কানজুল ঈমানের মুফাসসিরের নাম কি ?

☆ উত্তর ঃ–স্বদরুস আফাজিল হযরত মাওলানা সাইয়েদ নঈমুদ্দিন মুরাদাবাদী রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- ফাতাওয়ায়ে রাজাবিয়াহ কত খন্ডে বিভক্ত ?

☆ উত্তর ঃ–১২ খন্ডে বিভক্ত।

❖ প্রশ্ন ঃ- বর্তমান সময়ে উর্দু ভাষায় কুরআন পাকের তর্জমা গুলোর মধ্যে সবথেকে নির্ভরযোগ্য ও গ্রহণযোগ্য তরজমা কার বোঝা যায় ?

☆ উত্তর ঃ–সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির।

----------(((((((((০৭))))))))----------

Sunidumja.in

❖ প্রশ্ন ঃ- ইমামে আহমদ রেজা আলায়হির রহমার ইংরেজ সরকারের সমর্থকদের নিন্দায় কটি পুস্তক লিখেন ?

☆ উত্তর ঃ–৭ খানা পুস্তক, যাতে ইংরেজ সরকারের দালালদের মুখোশ খুলে দিয়েছিলেন।

❖ প্রশ্ন ঃ- মির্জা গোলাম আহমেদ কাদিয়ানী কার ইঙ্গিতে ও ইশারায় নাবী দাবি করেছিলেন ?

☆ উত্তর ঃ–ইংরেজ সরকারের ইশারায়।

❖ প্রশ্ন ঃ- ইমাম আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি বাতিল ফিরকা কাদিয়ানীর বাতিল খেয়ালের উপর কত খানা পুস্তক লিখেছেন ?

☆ উত্তর ঃ–৬খানা পুস্তক লিখেছেন।

❖ প্রশ্ন ঃ- পৃথিবী ঘুরছে এবং আসমান বলতে কিছুই নাই এর জবাবে যে পুস্তক লিখেন তার নাম কি ?

☆ উত্তর ঃ–ফাওজে মোবিন দার রদ্দে হারকাতে জামিন।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি "আদ দাওলাতুল মাক্কিয়া" নামক পুস্তকটি কোথায় লিখেছেন ?

☆ উত্তর ঃ–কাবা শরীফে মাত্র ৮ ঘন্টায়।

❖ প্রশ্ন ঃ- সাইয়েদুনা আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির নাতিয়ায়ে দিওয়ানের নাম কি ?

☆ উত্তর ঃ–হাদাইকে বখশিশ।

❖ প্রশ্ন ঃ- ভাইস চ্যান্সেলার ডঃ জিয়াউদ্দিন কোন মাসয়ালা সমাধানের জন্য জার্মানী যাচ্ছিলেন যার সমাধান সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি হাল করে দিয়েছিলেন ?

☆ উত্তর ঃ–রিয়াজির একটি প্রশ্ন।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির উত্তর শুনে ভাইস চ্যন্সেলার কি বলেছিলেন ?

☆ উত্তর ঃ–এতদিন আমি ইলমে লাদুন্নীর কথা শুনে আসছিলাম আজকেতা দেখে নিলাম।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ইলমে জাফর এ সমগ্র দুনিয়ার "হিরো" কথাটি কে বলেছিলেন ?

☆ উত্তর ঃ–হুযুর মুহাদ্দিসে আযম হিন্দ রহমাতুল্লাহি আলায়হি।

----------(((((((((০৮))))))))----------

Sunnidunia.in

❖ প্রশ্ন ঃ- বাদাউন শরীফে শাহ আব্দুল কাদির রহমাতুল্লাহি আলায়হির উরসে সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কোন বিষয়ের উপর ছয় ঘণ্টা বক্তব্য রাখেন?

☆ উত্তর ঃ–সূরা "ওয়াদ্দোহা" এর উপর।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পীর ও মুর্শিদ তাঁর সম্পর্কে কি বলতেন ?

☆ উত্তর ঃ–যখন আল্লাহ তায়ালা বলবেন হে আলে রাসুল আমার জন্য কি এনেছো তখন আমি আরজ করব, ইলাহী আমি তোমার জন্য আহমদ রেজাকে নিয়ে এসেছি।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি পিতা ও মাতার সঙ্গে প্রথম হজ্ব কত সালে করেন ?

☆ উত্তর ঃ–১২৯৬ হিজরীতে ইংরেজী ১৮৭৮ খ্রীষ্টাব্দে।

❖ প্রশ্ন ঃ- কোন ব্যক্তি এক মাসে কুরআন পাক মুখস্ত করে তারাবী নামাজে শুনিয়েছেন ?

☆ উত্তর ঃ–সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- হুজ্জাতে ইসলাম উপাধী খান্দানে আলা হযরতের কোন ব্যক্তিকে দেওয়া হয় ?

☆ উত্তর ঃ–শাহজাদায়ে আলা হযরত আল্লামা হামিদ রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হি কে ।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি রিসালাতের উপর কলম ধরেন কেন ?

☆ উত্তর ঃ–মুজাদ্দিদের শান হল ইহাই যে পরিস্থিতি মোতাবিক আপন কর্তব্য পালন করা যেহেতু সে সময় রিসালাতের তাওহীন (অর্থাৎ অসম্মান) করা হচ্ছিল, শরীয়ত, আল্লাহ তায়ালার পবিত্রতার উপর আক্রমণ হানছিল।

❖ প্রশ্ন ঃ- অখন্ড ভারতবর্ষের কতজন উলামা হুসামূল হারামাইনের ভিত্তিতে লিখিত ভাবে ফাতাওয়া প্রদান করেন ?

☆ উত্তর ঃ–৩৩ জন মুফতীয়ানে কেরাম।

❖ প্রশ্ন ঃ- মুজাদ্দিদে আযম রহমাতুল্লাহি আলায়হি কত প্রকার উলুম ও ফুনুন এর উপর কতগুলো পুস্তক লিখেন ?

☆ উত্তর ঃ–৭০ উলুম ও ফুনুনের উপর একহাজারের অধিক পুস্ত লিখেন।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির লেখা নাতে পাকের এমন একটি শের শুনাও যাতে কয়েক ধরণের ভাষা পাওয়া যায় ?

----------(((((((((০৯))))))))----------

Sunnidunya.in

☆ উত্তর ঃ–"লাম ইয়াতি নাযিরুকা ফি নাযারিন মিসলে তু না শুদ পয়দা জানা" (আরবী, ফারসী, উর্দ্দু ও পুরবী)।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পবিত্র উরস শরীফ কোন মাসের কত তারিখে পালিত হয় ?

☆ উত্তর ঃ–২৩,২৪ ও ২৫শে সফর।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির বেস্বালের তারিখ কুরআন শরীফের কোন আয়াত থেকে,বের করা হয়েছে ?

☆ উত্তর ঃ–"ওয়া ইউত্ব-ফু আলায়হিম বিআ-নিইয়াতিম মিন ফিদ্বাতি ওয়া আকওয়াব" অর্থ (এবং তাদের সুম্মুখে রুপার পাত্র সমূহ ও পান পাত্রাদী (পরিবেশনের জন্য) ঘুরানো ফিরানো হবে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি নিজ বেস্বালের খবর কত দিন আগে দিয়েছিলেন ?

☆ উত্তর ঃ–৪মাস ২২ দিন পূর্বে।

❖ প্রশ্ন ঃ- আপনি কি জানেন যে আলা হযরত রহমাতুল্লহি আলায়হি বেস্বালের বছর কোথায় রোজা রাখেন ?

☆ উত্তর ঃ–ভুওয়ালি পাহাড়ের নৈনিতালে। যেহেতু সেখানকার আবহাওয়া ঠান্ডা ছিল আর ঐ বছর রমজান মাস মে জুন মাসে পড়ে ছিল। তবুও দূর্বলের কারণে রুখসাতের উপর আমল করেন নি।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির বেস্বাল কখন হয় ?

☆ উত্তর ঃ–২৫শে সফর ১৩৪০ হিজরীতে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির বেস্বাল কোন সময় হয়েছিল ?

☆ উত্তর ঃ–২টা বেজে ৩৮ মিনিটে জুময়ার সময় "হায়ইয়া আলাল ফালাহ" শুনেই হাক্বিক্বী মালিকের সঙ্গে মিলে গেছেন।

❖ প্রশ্ন ঃ- বাইতুল মুকাদ্দাসের শামী বুজুর্গ স্বপ্নযোগে রহমতে আলম সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লামকে কোন অবস্থায় পেয়েছিলেন ?

☆ উত্তর ঃ–সরকারে দো আলাম সাহাবীদের সঙ্গে কারো অপেক্ষায় ছিলেন।

❖ প্রশ্ন ঃ- শামি বুজর্গ যখন আরজ করলেন ইয়া রাসুলাল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লাম কার অপেক্ষায় রয়েছেন তখন তার উত্তরে কি পেয়েছিলেন ?

☆ উত্তর ঃ–আমরা আহমদ রেজার অপেক্ষায় রয়েছি যে হিন্দুস্থানের বেরেলী শরীফের বাসিন্দা।

----------(((((((((১০))))))))----------

Sunnidunia.in

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির দরবারে শামী বুজুর্গ পৌঁছে কি উত্তর পেলেন ?

☆ উত্তর ঃ–আপনি যে আশিকে রাসুলের সঙ্গে সাক্ষাতের জন্য বেরেলী শরীফে এসেছেন তিনি ২৫শে সফর বেস্বাল করেছেন।

বিশেষ দ্রষ্টব্য ঃ শামী বুজর্গ স্বপ্ন দেখেছিলেন ২৫শে সফর

❖ প্রশ্ন ঃ- স্বাধীনতা সংগ্রামের সময় আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির বয়স কত ছিল ?

☆ উত্তর ঃ–কেবল ১ বছর।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কি পান খেতেন ?

☆ উত্তর ঃ–আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি পান খেতেন তবে জর্দা ছাড়া।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির আয় এর উৎস কি ছিল ?

☆ উত্তর ঃ–জমিদারী।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি যখন ৭৮৬ লিখতেন তখন কোন দিক হতে শুরু করতেন ?

☆ উত্তর ঃ–ডান দিক হতে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ঘড়ির সময় কেমন ভাবে মিলাতেন ?

☆ উত্তর ঃ–দিনে সূর্য্য ও রাতে তারা দেখে। (ইলমে তাওকীতে গভীর জ্ঞান থাকার কারণে)

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির তীক্ষ মেধাশক্তি দেখে তাঁর উস্তাদ তাঁকে কি জিজ্ঞাসা করেছিলেন ?

☆ উত্তর ঃ–তাঁর উস্তাদ তাঁকে জিজ্ঞাসা করেছিলেন সত্য করে বলো তুমি মানুষ না জ্বীন, কাউকে বলব না। উত্তরে আলা হযরত আলায়হির রহমা বলেন- আলহামদুলিল্লাহ আমি মানুষ তবে আল্লাহ তায়ালার অনুগ্রহ সামিল আছে।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি জীবনে কতবার জাকাত আদায় করেন ?

☆ উত্তর ঃ–তিনি কখনো এতটা টাকা পয়সা জমা করেননি যাতে জাকাত ওয়াজিব হবে সুতরাং তাকে কোন দিনই জাকাত আদায় করতে হয় নি।

Sunniduniya.in

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি তিন মাস মক্কা মুয়াজ্জামায় থাকা কালীন কতটা পরিমাণ জমজমের পানি পান করেছিলেন ?

☆ উত্তর ঃ– প্রায় ৪ মন।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পবিত্র মাজার শরীফ কোথায় অবস্থিত ?

☆ উত্তর ঃ–বেরেলী শরীফের সওদাগরা মহাল্লায়।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হিনিজ জানাযার সম্মুখে ক্বাদেরীয়া অসিলা এবং এক নাতে পাক পড়ার অসিয়ত করেন, সে নাতেপাক কোনটি ?

☆ উত্তর ঃ– কা'বে কে বদরুদ্দোজা তুমপে কড়োরো দরুদ
তায়বাকে শামসুদ্দোহা তুমপে কড়োরো দরুদ

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির কবর মোবারকে কতবার আজান দেওয়া হয়েছিল এবং কেন ?

☆ উত্তর ঃ–৭বার তাঁর বড় সাহেবজাদা মহম্মদ হামিদ রেজা পড়েছিল, অসিয়ত করার কারণে।

❖ প্রশ্ন ঃ- আপনিকি বলতে পারেন যে, সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির বেস্বাল কোন সালে হয়েছিল ?

☆ উত্তর ঃ–৯ই নভেম্বর ১৯২১ খ্রীষ্টাব্দে।

❖ প্রশ্ন ঃ- ইসবী ও হিজরী মোতাবিক ইমাম আহমদ রেজা রহমাতুল্লহি আলায়হির বয়স কত ?

☆ উত্তর ঃ–ইংরেজী মোতাবিক ৬৫ বছর এবং হিজরী মোতাবিক ৬৮ বছর।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির দাম্পত্য জীবন কখন শুরু হয় ?

☆ উত্তর ঃ–ইংরেজী ১৮৭৪ খ্রীষ্টাব্দ অনুযায়ী ১৮ বছরে এবং হিজরী মোতাবিক ১২৯১ হিজরী ১৯ বছর বয়সে।

❖ প্রশ্ন ঃ- কোথাকার আলিমগণ আলা হযরত রহমাতুল্লাহিকে জিয়াউদ্দিন উপাধীতে ভূষিত করেছিলেন ?

☆ উত্তর ঃ–মক্কা মুয়াজ্জামার আলিমগণ।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির দ্বিতীয় হজ্জ হতে ফিরে আসার সময় কোন বিখ্যাত শহরে আসেন ?

☆ উত্তর ঃ–মুম্বাই এর পরে আহমেদাবাদ দুই জায়গাতেই এক এক মাস করে অবস্থান করেছিলেন।

Sunnidunia.in

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি যে ঘরে জন্ম গ্রহণ করেছিলেন সেই ঘর এখন কার অধিনে?

☆ উত্তর ঃ–এ্যাডভোকেট আজদার হোসাইনের অধিনে।

❖ প্রশ্ন ঃ- বেরেলী শরীফের সওদাগরা মহল্লায় ঐ ঘর যেখানে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি ইলমের সমুদ্র বইয়েছেন সেই ঘর এখন কার অধিনে ?

☆ উত্তর ঃ–একজন গায়ের মুসলীমের অধিনে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পবিত্র মাজার এর সম্মুখে যে মাসজিদ রয়েছে তার নাম কি ?

☆ উত্তর ঃ–মাসজিদে রেজা।

❖ প্রশ্ন ঃ- বেরেলী শরীফের মীর জাফর খাঁ মহল্লায় ঐ মাসজিদ কে তৈরী করিয়েছিলেন যেখানে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি বছরে দুইবার ওয়াজ নসিহতের জন্য যেতেন ?

☆ উত্তর ঃ–বাদশাহ আকবর ৯৮৬ হিজরীতে মাসজিদের নাম "শাহী আকবর" রাখেন যেটা মির্জায়ী মাসজিদ নামে বিখ্যাত।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পীর ও মুর্শিদ সাইয়েদুনা শাহ আলে রাসুল মারেহারাবী এবং তাঁর পিতা মাওলানা নাকী আলী খাঁ রহমাতুল্লাহি আলায়হির একই হিজরী সনে ইন্তেকাল করেন। সেটা কত হিজরী সাল ছিল ?

☆ উত্তর ঃ–১২৯৭ হিজরী।

❖ প্রশ্ন ঃ-আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি বাপ, দাদার সম্পর্ক আফগানিস্থানের কোন এলাকার সঙ্গে ছিল?

☆ উত্তর ঃ–কান্দাহার এলাকার সঙ্গে ছিল।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হিকে ইসলাম জগতের কোন উপাধীতে স্মরণ করা হয় ?

☆ উত্তর ঃ–ইমামে আহলে সুন্নাত, আলা হযরত, মুজাদ্দিদে আযম, ফাদ্বিলে বেরেলবী।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির সঙ্গে আল্লামা আব্দুল হক খায়রাবাদীর সাক্ষাত কোথায় হয়েছিল ?

☆ উত্তর ঃ–রামপুরের নবাব কালব আলী খানের নিকট, সেই সময় তাঁর বয়স ছিল ১৬ বছর।

Sunnidunya.in

❖ প্রশ্ন ঃ- শাইখ হোসাইন ইবনে সলেহ এর আদেশে তার "আলজওহারাতুল মাজিয়া" নামক পুস্তকের শারাহ আলা হযরত আহমদ রেজা রহমাতুল্লহি আলায়হি কত দিনে লিখেন ?

☆ উত্তর ঃ–মাত্র দুই দিনে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি ফাতাওয়ার মাসনাদে কত বছর পর্যন্ত নিয়োযিত ছিলেন ?

☆ উত্তর ঃ–৫৪ বছর পর্যন্ত।

❖ প্রশ্ন ঃ- সাইয়েদুনা আলা হযরত রহমাতুল্লাহির কুন্নিয়াত কি ছিল ?

☆ উত্তর ঃ–আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির কুন্নিয়াত ছিল আব্দুল মুস্তাফা।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কোন নসলের ছিলেন ?

☆ উত্তর ঃ–আফগান।

❖ প্রশ্ন ঃ-আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ঐ সহপাঠির নাম বলুন যিনি প্রায় বলতেন আলা হযরতের মেধাশক্তি এমন ছিল যে তিনি উস্তাদের নিকট কিতাব সমাপ্ত না করেই একচতুর্থাংশ কিংবা অর্ধেকাংশ নিজে পড়েই বুঝে নিতেন ?

☆ উত্তর ঃ–আহাসান হোসাইন সাহেব।

❖ প্রশ্ন ঃ- বলুনতো মুম্বাইয়ের বড় ইজতেমায় আলা হযরত রহমাতুল্লাহি আলায়হিপ্রথম বক্তব্য দেন কোন বিষয়ের উপর ?

☆ উত্তর ঃ–"ইন্না ফাতাহনা লাকা ফাতহাম মুবিনা" আয়াতের উপর।

❖ প্রশ্ন ঃ- ফাজেলে বেরেলবীর নাপিতের নাম কি ?

☆ উত্তর ঃ–করীম বখ্স।

❖ প্রশ্ন ঃ-বিহাম্দিহি তায়ালা যদি আমার হৃদয়কে দুই ভাগে বিভক্ত করা হয় তবে একদিকে "লা ইলাহা ইল্লাল্লাহ" অপর দিকে "মুহাম্মাদুর রাসুলুল্লাহ" লিখা থাকবে। উক্তিটি কোন বুজর্গ ব্যক্তির ?

☆ উত্তর ঃ–সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহির দরবারে সাধারণ বৈঠক কখন হতো ?

☆ উত্তর ঃ–প্রতিদিন আসরের নামাজের পর।

❖ প্রশ্ন ঃ- সরকারে সাইয়েদুনা আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পারিবারিক নাম কি ছিল ?

☆ উত্তর ঃ–আহমদ মিঞা।

❖ প্রশ্ন ঃ- মুকাদ্দমায়ে বাদাউন কে কেন্দ্র করে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির যে জামিনের ওয়ারেণ্ট বের করা হয়েছিল তাতে তিনি কি ইংরেজদের আদালতে উপস্থিত হয়েছিলেন ?

☆ উত্তর ঃ–তিনি আদালতে উপস্থিত হয় নি।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত নিজ পিতার নিকট হতে রিয়াজির কতগুলি তরিকাহ শিখেছিলেন ?

☆ উত্তর ঃ–চার তরিকাহ (জমা, তাফরীক্ব, জাবর, তাকসিম)।

❖ প্রশ্ন ঃ- ইলমে রিয়াজির চার কায়িদা শিখার পর তিনি আরও বেশী শিখার ইচ্ছা প্রকাশ করলে তাঁর পিতা কি বলে নিষেধ করেছিলেন ?

☆ উত্তর ঃ–এ উলাম রাসুলে পাক সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লাম এর দরবার হতে আপনা আপনি দান হয়ে যাবে।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কোথায় ইন্তেকালের কামনা করতেন ?

☆ উত্তর ঃ–মদিনা মানুওয়ারায়।

❖ প্রশ্ন ঃ- সরকারে ফাজিলে বেরেলবী রহমাতুল্লাহি আলায়হি ২৪ ঘণ্টার মধ্যে কতটা সময় ঘুমাতেন ?

☆ উত্তর ঃ–প্রায় সাড়ে চার ঘণ্টা।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির বুজুর্গ দাদা কান্দাহার হতে হিজরত করে হিন্দুস্থানের কোন শহরে আসেন ?

☆ উত্তর ঃ–দিল্লীতে, সায়াদাত ইয়ার খানের মৃত্যু পর্যন্ত ছিলেন পরে বেরেলী শরীফ চলে আসেন।

❖ প্রশ্ন ঃ- আপনি কি জানেন মাওলানা হামিদ রেজা খান নিজ পিতার জানেশীন কত বছর ছিলেন ?

☆ উত্তর ঃ–২৩ বছর পর্যন্ত।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির দাদা মাওলানা রেজা আলী খাঁর জন্ম সাল কত হিজরী ?

☆ উত্তর ঃ–১২২৪ হিজরী।

❖ প্রশ্ন ঃ- মাওলানা রেজা আলী খাঁর ইন্তেকাল হয় কত খ্রীষ্টাব্দে ?

☆ উত্তর ঃ–১৮৩০ খ্রীষ্টাব্দে।

Sunnidunya.in

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পিতা মাসয়ালায়ে ইমতেনায়ে নাজির এর উপর যে রিসালা লিখেছিলেন সেই রিসালার নাম কি ?

☆ উত্তর ঃ—"ইস্বলাহে জাতে বাইন" ২৬শে শাবানুল মুয়াজ্জাম ১২৯৫ হিজরী।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির দাদার আপন ভাই এর নাম কি যিনি জয়পুরের মাহারাজার খাস ডাক্তার ছিলেন এবং উপাধী ছিল রাইসুল হুকামা ?

☆ উত্তর ঃ—হাকিম মহম্মদ তাক্বি আলী খাঁ।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির দাদাপীরের নাম কি?

☆ উত্তর ঃ—হযরত সাইয়েদুনা শাহ বরকাতুল্লাহ মারেহারবী রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির কোন সাহেবজাদী তাঁর পিতার ইন্তেকালের ২৭ দিন পর ইন্তেকাল করেন?

☆ উত্তর ঃ—মেজ সাহেবজাদী কানীজ হাসান।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির জামাই যিনি হাকিম ছিলেন তার নাম কি ?

☆ উত্তর ঃ—হাকীম হোসাইন রেজা খাঁ, মাওলানা হাসান রেজা খাঁর পুত্র।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পাঁচ সাহেবজাদীর নাম কি কি?

☆ উত্তর ঃ—মুস্তাফায়ী বেগম, কানীজ হাসান, কানিজ হোসাইন, কানিজ হাসনাইন, মুর্ত্তুজায়ী বেগম।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির দুই জন জামাই হোসাইন রেজা ও হাসনাইন রেজা তাঁর আত্মীয় সম্পর্কে কে হতেন ?

☆ উত্তর ঃ—আপন ভাতিজা।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পৌত্র মাওলানা ইব্রাহিম রেজা খাঁ আলায়হির রহমার ওরফী নাম কি ছিল ?

☆ উত্তর ঃ—জিলানী মিঞা।

❖ প্রশ্ন ঃ- মাওলানা হামিদ রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হির বিবি সাহেবার নাম কি

☆ উত্তর ঃ—কানিজ আয়েষা (পীসতুতো বোন)

❖ প্রশ্ন ঃ- হুজ্জাতুল ইসলাম মাওলানা হামিদ রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হির বেস্বাল কত তারিখে হয়েছিল ?

☆ উত্তর ঃ—১৭ই জামাদিউল উলা ১৩৬২ হিজরী (ইং ১৯৪৩ খ্রীঃ)

Sunniduniya.in

❖ প্রশ্ন ঃ- সুরুরুল কুলুব ফি জিকরে মাওলুদিল মাহবুব পুস্তকের লেখকের নাম কি ?

☆ উত্তর ঃ–মাওলানা নাক্বী আলী খাঁন রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির পর পৌত্র মাওলানা ইব্রাহিম রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হির জন্ম কত হিজরীতে হয়েছিল ?

☆ উত্তর ঃ–১৩২৯ হিজরীতে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির সাহেবজাদা মাওলানা হামিদ রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হি খতমে নবুয়তের উপর কোন পুস্তক লেখেন ?

☆ উত্তর ঃ–আস্বস্বারিমুর রব্বানী আলা আসরাফিল ক্বাদিয়ানী।

❖ প্রশ্ন ঃ- কোন কিতাবে মাওলানা হামিদ রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হির লেখা হাশিয়া (টীকা) কলমের লেখা রয়েছে ?

☆ উত্তর ঃ–মুল্লা জালাল পুস্তকে।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহির পিতার ইন্তেকাল কত হিজরীতে কত বৎসর বয়সে ও কোন বারে হয়েছিল ?

☆ উত্তর ঃ–বৃহস্পতিবার জোহরের নময় ১২৯৭ হিজরীতে ৫১ বৎসর ৫ মাস বয়সে।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির প্রাথমিক কিতাব গুলোর শিক্ষা কার নিকট হতে হাসিল করেন?

☆ উত্তর ঃ–মির্জা গোলাম কাদের বেগের নিকট হতে।

❖ প্রশ্ন ঃ- ইমাম আহমদ রেজা রহমাতুল্লাহি আলায়হির উলুমে তাকলিয়া, নকলিয়া ও সনদে হাদীস সম্পুর্ণ করেন কোন উলামা ও মাশায়েখ এর নিকট ?

☆ উত্তর ঃ–১) মাওলানা আবুল আলী রামপুরী
২) শাহ আবুল হোসাইন আহমদ নুরী মারেহারাবী
৩) ইমাম শাফিয়া শাইখ হোসাইন সালেহ্
৪) মুফতী হানাফিয়া শাইখ আব্দুর রহমান সিরাজ
৫) মুফতী শাফিয়া আহম্মদ বিন।

❖ প্রশ্ন ঃ- আদদাওলাতুল মাক্কীয়া কিতাবের উর্দ্দুতে অনুবাদ কে করেন ?

☆ উত্তর ঃ–মাওলানা হামিদ রেজা খাঁন রহমাতুল্লাহি আলায়হি।

sunniduniya.in

❖ প্রশ্ন ঃ- মাওলানা হামিদ রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হির জানাজার নামাজ কে পড়িয়েছিলেন ?

☆ উত্তর ঃ–মাওলানা সরদার আহমদ সাহেব।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির কতজন ফুফী ছিলেন ?

☆ উত্তর ঃ–তিন জন।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির কতজন ভাই বোন ছিল?

☆ উত্তর ঃ–৪জন, দুই ভাই ও দুই বোন।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ভ্রাতাগণের নাম কি ?

☆ উত্তর ঃ–মহম্মদ রেজা, হাসান রেজা রহমাতুল্লাহি আলায়হিমা।

❖ প্রশ্ন ঃ- ইমামে আহলে সুন্নাতের দুইজন সাহেবজাদার নাম বলো ?

☆ উত্তর ঃ–মুস্তাফা রেজা খাঁ (মুফতীয়ে আযম হিন্দ)
হামিদ রেজা খাঁ (হুজ্জাতুল ইসলাম)

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির সিলসিলায়ে নসব তাঁর কোন সাহেবজাদার মধ্যে চলছে ?

☆ উত্তর ঃ–মাওলানা হামিদ আলী খাঁন রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- আপনি কি জানেন আল্লামা আখতার রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হি ইমাম আহমদরেজা রহমাতুল্লাহি আলায়হির কে হন ?

☆ উত্তর ঃ প্রো- পৌত্র (পর পোতা)।

❖ প্রশ্ন ঃ- হুজুর আখতার রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হি ইসলাম জগতের কোন বিখ্যাত ইউনিভারসিটি হতে শিক্ষা লাভ ?

☆ উত্তর ঃ–জামিয়া আল আজহার (কাহিরা মিশর)।

❖ প্রশ্ন ঃ- মাওলানা নাক্কী আলী খাঁ রহমাতুল্লাহি আলায়হির কোন শিষ্য যিনি সেসময়ইগ্রহনযোগ্য ব্যক্তি ছিলেন এবং মুনাজারার বিষয়ে পারদর্শী ছিলেন?

☆ উত্তর ঃ–আল্লামা মহম্মদ হাসান আলী রহমাতুল্লাহি আলায়হি।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ছোট ভাই মাওলানা হাসান রেজা খাঁ শায়েরী বিষয়ে কার শিষ্য ছিলেন ?

☆ উত্তর ঃ–ফাসিহুল মুলক মির্জা দাগ দেহলবীর।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির তর্জমাকৃত কোরআন পাক সর্ব প্রথম কোথায় ছাপা হয় ?

☆ উত্তর ঃ বেরেলী শরীফে।

Sunnidunya.in

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির যে পুস্তকে আপন সনদের বিস্তারিত বর্ণনা করেন সেই পুস্তকের নাম কি ?

☆ উত্তর ঃ–আল ইজাজাতুল মাতঈনাতু লি উলামায়ে মাক্কি মাদানী।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কোন কিতাবে হযরত আমিরে মোয়াবিয়া রাদিয়াল্লাহু তায়ালা আনহুর প্রশংসা অকাট্য দলিল দিয়ে প্রমাণ করেছেন ?

☆ উত্তর ঃ–আল আহাদিসুন রবিইয়াতুল নাদহুল আমিরো মোয়াবিয়া।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির কোন লিখা পুস্তক যাতে হুজুরপাক সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লাম এর শাফায়াতের বিষয়ে ৪০টি হাদীস পেশ করেছেন ?

☆ উত্তর ঃ–আসমাউল আরবাইন ফি শাফায়াতে সাইয়েদিল মুরসালীন।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির কে মাওলানা আবু স্বলেহ মহম্মদ ফাইজ আহমদ উত্তায়ায়সি কিভাবে আন্তরক শুভেচ্ছা পেশ করেন ?

☆ উত্তর ঃ–যদি ইমাম বুখারী রহমাতুল্লাহি আলায়হি বাহ্যিক জীবিত থাকতেন তবে আমাদের ইমামের ইলমে জ্ঞান দেখে তার লেখনী সমূহকে আনন্দিত হয়ে চুমো দিতেন।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কবরে আজান দেওয়া জায়েজ সম্পর্কে যে কিতাব লিখেন তার নাম কি ?

☆ উত্তর ঃ–ইজান লি আজরিন ফি আজানিল কবরি।।

❖ প্রশ্ন ঃ- বলুনতো ইলমে ফিকাহের উপর আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কতগুলি কিতাব লিখেন ?

☆ উত্তর ঃ–১৫০ (একশত পঞ্চাশ খানা)।

❖ প্রশ্ন ঃ- সফর মাসের শেষ বুধবার সম্পর্কে জনসাধারণের মধ্যে বিখ্যাত হয়ে আছে যে সেই দিনই হুজুরপাক সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লাম আরোগ্য লাভ করেন। এ সম্পর্কে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির বক্তব্য কি ?

☆ উত্তর ঃ–আখেরী চাহার সুম্বা (বুধবার) হুজুরপাক সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লাম আরোগ্য লাভ করেছিলেন একথা ঠিক নয়। তিনি সেই দিন আরোগ্য লাভ করেন নি। একথা হুজুরপাক সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লাম হতে প্রমাণিত। তবে সেই দিন হতে তাঁর আরোগ্য লাভ শুরু হয়েছিল।

Sunnidunya.in

❖ প্রশ্ন ঃ- মুফতী সিরাজ আহমেদ ওহাবী মাসলাকের প্রচারক সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির নিকট যে মাসয়ালা জানার জন্য গিয়েছিলেন সে মাসয়ালাটি কি ছিল ?

☆ উত্তর ঃ–জাবিল আরহামের ৪র্থ কিসিমের হুকুম।

❖ প্রশ্ন ঃ- মাওলবী রশীদ আহমদ গাঙ্গুহীর তাহকীক মোতাবিক নোট ঐ সোনা চাঁদির রশিদ যা হুকুমাতের নিকট রক্ষিত, সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি উক্ত বক্তব্যকে কত ধরণের দলিল দিয়ে রদ করেছেন ?

☆ উত্তর ঃ–২০ ধরণের।

❖ প্রশ্ন ঃ- হযরত রায়হান রেজা খাঁ রহমাতুল্লাহি আলায়হির বেস্বাল কবে হয়েছিল ?

☆ উত্তর ঃ–১৮ই রমজান রোজ শনিবার ১৪০৫ হিজরী।

❖ প্রশ্ন ঃ- মাওলানা আশরাফ আলী থানবীর ফাতাওয়া যে নবীপাকের নাম শুনলে আঙ্গুলে চুমা দেওয়া না জায়েজ। এর উত্তরে সরকারে আলা হযরত কত রকম দলিল দিয়ে রদ করেন ?

☆ উত্তর ঃ–৩০ এরও অধিক।

❖ প্রশ্ন ঃ- কিছু মহিলা বুজর্গদের মাজারে জিয়ারতের জন্য যাওয়া সম্পর্কে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কি বলেছেন ?

☆ উত্তর ঃ–মহিলাদের মাজারে উপস্থিত হওয়া গুনাহ।

❖ প্রশ্ন ঃ- কিছু লোক মাজারে তোয়াফ সম্মানের নিয়তে করে এ সম্পর্কে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কি ফাতাওয়া দিয়েছেন ?

☆ উত্তর ঃ–না জায়েজের ফাতাওয়া প্রদান করেছেন।

❖ প্রশ্ন ঃ- সবে মেরাজে নাবী কারীম সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লাম এর নালাইন পাক (জুতো মোবারক) পরে আরশে যাওয়া সম্পর্কে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কি বলেছেন ?

☆ এটি একবারে বাতিল এবং মনগড়া কথা।

❖ প্রশ্ন ঃ- কাগজের নোট সম্পর্কে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির মারকাতুল আরা কিতাবের নাম কি ?

☆ উত্তর ঃ–"কুফলুল ফাকিহিল ফাকিমে ফি আহকামে ক্বির্ত্বাসিদ দারাহিমে" আরবীতে ১৩২৪ হিজরীতে মাত্র দেড় ঘণ্টায় লিখেছেন।

----------(((((((((২০))))))))----------

Sunnidunia.in

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত আহকামে শারিয়ার কত প্রকারের বর্ণনা করেন ?

☆ উত্তর ঃ–১১ প্রকার, সাধারণতঃ উসুলের কিতাবে ৭ প্রকারের বর্ণনা রয়েছে।

❖ প্রশ্ন ঃ- সরকারে ফাদ্বিলে বেরেলবী রহমাতুল্লাহি আলায়হি খোদা প্রদত্ব স্বলাহিয়াতের (জ্ঞান) ভিত্তিতে আহকামে শারিয়াহর যে চার প্রকার বর্ণনা করেছেন সেগুলো কী কী ?

☆ উত্তর ঃ–সুন্নাতে মুয়াক্কাদা, সুন্নাতে গায়ের মুয়াক্কাদা, আসায়াত, খেলাফে আওলা এই চার প্রকার বাদে ৭ প্রকার ফরজ, ওয়াজিব, মুস্তাহাব, মুবাহ, হারাম, মাকরুহ তাহরীমী, মাকরুহ তানজীহী।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি তায়াম্মুম সম্পর্কে কতগুলি বিষয় নিজ ইজতেহাদ হতে বর্ণনা করেন ?

☆ উত্তর ঃ–১০৭ যদিও আম জাওয়জকে ১৩০ টি বস্তু দিয়ে প্রমাণ করেছেন।

❖ প্রশ্ন ঃ- ফিকাহের মুনকীর (অস্বীকারকারী) কাফের এ বিষয়ে সরকারে আলা হযরত কোন কিতাব লিখেন ?

☆ উত্তর ঃ–আল মাকালুল বাহিরুআন্না মুনকারাল ফিকহে আলকাফিরু। উর্দ্দু ভাষায় ১৩১৯ হিজরীতে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি পান ও বিড়ির আহকামের উপর যে মুহাক্কিকানা কিতাব লিখেন তার নাম কি ?

☆ উত্তর ঃ–হুক্কাতুল মারজান লি মুহিম্মে হুকমিদ দুখান।

❖ প্রশ্ন ঃ- মাওলবী রশিদ আহমদ গাঙ্গুহী মানি ওয়ার্ডর কে হারাম বলেছে তার জাওয়াজে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কোন কিতাব লিখেন?

☆ উত্তর ঃ–আল মানিওয়াদ দুবার লিমান আমিদা মানি ওয়ার্ডার।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি ফিকহার কিতাব রাদ্দুল মুখতার এর হাশিয়া (টীকা) কি নামে লিখেছেন ?

☆ উত্তর ঃ জাদ্দুল মুমতার নামে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হিফাতাওয়ায়ে রাজাবিয়াহ কোন তিন ভাষায় লিখেছেন ?

☆ উত্তর ঃ–আরবী, ফার্সী, ও উর্দ্দু এই তিন ভাষায় লিখেছেন।

❖ প্রশ্ন ঃ- আল্লামা ইকবাল হিন্দুস্থানে দুইজন বড় আলিমের কিতাব মনযোগ সহকারে পড়েছেন তার মধ্যে একটি হল মুজাদ্দীদে আলফি সানী রহমাতুল্লাহি আলায়হির মাকতুবাত শরীফ অপরটি কি আপনি বলুন?

Sunniduniya.in

☆ উত্তর ঃ–অপরটি ফাতাওয়ায়ে রাজাবিয়াহ।

❖ প্রশ্ন ঃ- বলুন আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি নাদওয়াতুল উলামার বিরুদ্ধাচারণ কেন করতেন ?

☆ উত্তর ঃ–এই প্রতিষ্ঠান ইংরেজদের কাজের কারখানা হয়ে যাওয়ার কারণে।

❖ প্রশ্ন ঃ- সাইয়েদ মহম্মদ মুহাদ্দীসে কাদুওয়াছাবীর সঙ্গে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির কি সম্পর্ক ছিল ?

☆ উত্তর ঃ গুরু শিষ্যের সম্পর্ক।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির যে মারেহারা শরীফের পীর সাহেবের মুরিদ ছিলেন সেটা কোথায় অবস্থিত ?

☆ উত্তর ঃ–উত্তর প্রদেশের ইটা জেলায়।

❖ প্রশ্ন ঃ- আপনি কি বলতে পারেন আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ত্বরীকতের সিলসিলার কততম ওয়াস্তায় গিয়ে হযরত আলিয়ে মুর্তাজা রাদিয়াল্লাহু তায়ালা আনহু পর্যন্ত পৌঁছায় ?

☆ উত্তর ঃ–৩৬ তম ওয়াস্তায়।

❖ প্রশ্ন ঃ- আলা হযরতের পীর সাহেবের বেস্বাল কবে হয় ?

☆ উত্তর ঃ–১২৯৭ হিজরীতে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির আপন পীর ও মুর্শিদের উরস কবে পালন করতেন ?

☆ উত্তর ঃ–জিলহজ্ব মাসের ১৭ ও ১৮ তারিখে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি নিজ সময় কালে উলামাও মাশাউখ গণের মধ্যে কার সঙ্গে বেশী সম্পর্ক রাখতেন ?

☆ উত্তর ঃ–মাওলানা শাহ ফজলু রহমান গঞ্জ মুরাদাবাদীর সঙ্গে।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত কোন কোন তারিকায়ে সিলসিলার এজাজত হাসিল করেন ?

☆ উত্তর ঃ–১) ক্বাদেরিয়া বরকাতিয়া জাদিদাহ ২) ক্বাদেরিয়া বরকাতিয়া কাদিমাহ ৩) ক্বাদেরীয়া রাজ্জাকিয়া ৪) ক্বাদেরীয়া মুনওয়ারিয়া ৫) চিস্তিয়া নিজামিয়া কাদিমাহ ৬) সাহরওয়ার দিয়া ওয়াহিদিয়াহ ৭) সাহরওয়াদিয়া ফাদ্বিলিয়া ৯) নকশেবন্দিয়া আলাইয়া সিদ্দিকিয়া ১০) নকশেবন্দিয়া আলাইয়াহ আলুবিয়াহ ১১) বাদিঈয়াহ ১২) আলুবিয়াহ মুনাসিয়াহ ১৩) কাদেরিয়া আহলিয়া ইত্যাদি।

----------(((((((((২২))))))))----------

Sunnidunia.in

উপরের উল্লেখিত সিলসিলা সম্পর্কে বিস্তারিত বর্ণনা "আল ইজাজাতুল মাতিনাহ" নামক কিতাবে রয়েছে। ইহা মাওলানা হামিদ রেজা খাঁ রহমাতুল্লাহি একত্রিত করে দিয়েছেন।

❖ প্রশ্ন ঃ- উপরে উল্লেখিত সিলসিলাহ ছাড়া আরো যে চারখানা মুস্বা ফাহাতের সনদ পেয়েছিলেন সেগুলোর নাম কি ?

☆ উত্তর ঃ–১) মুস্বাফাহাতুজ জিন্নিয়াহ ২) মুস্বাফাহাতুল খিজরিয়া ৩) মুস্বাফাহাতুল মানামিয়াহ ৪) মুস্বাফাহাতুল মারিয়াহ।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি খানদানে বরকাতিয়ার ইরাদাতে কবে শামিল হন ?

☆ উত্তর ঃ–জামাদিউল আওয়াল ১২৯৪ হিজরীতে।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহির পীর ও মুর্শিদের নাম কী

☆ উত্তর ঃ–সাইয়েদুনা শাহ আলে রাসুল রহমাতুল্লাহি আলায়হি যিনি সায়েদুনা শাহ আলে আহমদ আচ্ছে মিয়া রহমাতুল্লাহি আলায়হির মুরীদ ও খলিফা ছিলেন।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি ইলমে জাফর সম্পর্কে যে কিতাব লিখেন তার নাম কি ?

☆ উত্তর ঃ–সাফারুস সাফার মিনাজ জাফারি বিল জাফার।

❖ প্রশ্ন ঃ- কোন আলিমে দ্বীন যিনি ইলমে শিক্ষা লাভ হাসিল করার জন্য রুশ হতে আসেন ?

☆ উত্তর ঃ–মাওলানা আব্দুল গাফ্ফার বুখারী।

❖ প্রশ্ন ঃ- মানাত্বিকি হযরতের নিকট ইনসানের সংজ্ঞা হচ্ছে হাইওয়ানে নাত্বিক কিন্তু আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি এই সংজ্ঞার রদ করেছেন কেন ?

☆ উত্তর ঃ কেননা এই সংজ্ঞায় ফারিস্তারাও শামিল হচ্ছিল বলে।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি পৃথিবী ঘুরছে এই মাসয়ালার উপর বাহাস করতে গিয়ে কোন বিখ্যাত ফিলোজফীর কিছু ভাবনার উপর খুব সুক্ষ্ম পাকড়াও করেছেন ?

☆ উত্তর ঃ–সাইখ বু আলী সিনার।

❖ প্রশ্ন ঃ- সরকারে হযরত রহমাতুল্লাহি আলায়হি ফাওজে মুবিন দার রদ্দে হরকাতে জমীন কিতাবে পৃথিবী ঘুরছে এর প্রতিবাদে কতগুলো দলিল পেশ করেন ?

Sunnidunia.in

☆ উত্তর ঃ–১০৫ খানা দলিল পেশ করেন।

❖ প্রশ্ন ঃ- বলুনতো আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি শায়েরী বিষয়ে কার শিষ্য ছিলেন ?

☆ উত্তর ঃ–তিনি কারো নিকট তালীম নেন নাই। নিজেই একজন শায়ের ছিলেন, শায়েরী রচনা করতেন।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহির কোন মিসরাহ যাতে তিনি শায়েরী বিষয়ে কারো শিষ্য হওয়া অস্বীকার করেন ?

☆ উত্তর ঃ–নজমে পুর নূরে রেজা লুসে তিলমিজ সে হ্যায় পাকা।

❖ প্রশ্ন ঃ- স্বাধীনতা সংগ্রামের কোন শহীদ যার নাতিয়া শায়েরীতে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির হৃদয় খুবই স্পর্শকাতর হতো ?

☆ উত্তর ঃ–মাওলানা কিফাইয়াত আলা কাফি সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি তাকে সুলতানে নাত বলতেন কিন্তু মাওলানা কাফি নিজে নিজেকে উজিরে আযম বলতেন।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ছোট ভাই মাওলানা হাসান রেজা বেরলবীর দিওয়ানে নাতের নাম কি ?

☆ উত্তর ঃ–জাওকে নাত।

❖ প্রশ্ন ঃ- সরকারে হযরত রহমাতুল্লাহি আলায়হির কাসিদায়ে সালামিয়ায় কতগুলো আশআর আছে ?

☆ উত্তর ঃ–১৭২ টি।

❖ প্রশ্ন ঃ-আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির লেখা কোন নাত শরীফ যা পাঠ করার সময় ঠোঁটে ঠোঁট মিলে না ?

☆ উত্তর ঃ সাইয়াদে কাওনাইন সুলত্বনে জাহা
জিল্লে ইয়াজদা শাহে দিঁ আরশে আ-স-তা।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি ক্বাসিদায়ে নুরে কতগুলো আশআর আছে ?

☆ উত্তর ঃ–৫৮টি যার মধ্যে মাত্বলা ৪৭ টি।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির ক্বাসিদায়ে মে'রাজিয়ায় কতগুলো আশআর আছে?

☆ উত্তর ঃ–৬৭টি। যা প্রায় আড়াই ঘন্টায় লিখেন্

Sunnidunyajain

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি ফিরক্বায়ে বাতিলার যে নজম এর রদ করেন তার নাম কি ?

✰ উত্তর ঃ–"আল ইসতিমদাদ আলা আজবালিল ইরতেদাদ।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি মাওলানা ফাজলে রসুল বাদাউন রহমাতুল্লাহি আলায়হি এর শানে কোন কিতাব লিখেন ?

✰ উত্তর ঃ–হামাইদে ফাজলে রসুল এবং মাদাইহে ফাজলে রসুল ১৩০০ হিজরীতে।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি জাগ্রত অবস্থায় নাবীপাক সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লাম এর জিয়ারতের করার পর রওজা শরীফের সামনে বসে যে নাত পড়েছিলেন তার মাতলা শুনান ?

✰ উত্তর ঃ–ও সুয়ে লালা জার ফিরতে হ্যায় তেরে দিন আয়ে বাহার ফিরতে হ্যায়।

❖ প্রশ্ন ঃ- এক ব্যক্তি আলা হযরত রহমাতুল্লাহি নিকট নবাব নানা পারে এর শানে কাসিদা লখার জন্য আরজ করলে তিনি অস্বীকার করেন। যার বর্ণনা তিনার শে'র এ পাওয়া যায় ?

✰ উত্তর ঃ–কারু মাদাহ আহলে দোওয়াল জো পড়ে ইস বালা মে মেরী বালা
মাই গাদাই আপনে কারীম মেরা দ্বীন পারায়ে নান নাহি।।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি হুজুরপাক সাল্লাল্লাহু তায়ালা আলায়হি ওয়া সাল্লামকে মুখতারে কুল হওয়ার উপর যে কিতাবে দলিল সমূহ জমা করেন সে কিতাবের নাম কি ?

✰ উত্তর ঃ–সালতানাতে মুস্তাফা ফি মালাকুতে কুল্লিলওরা। উর্দ্দু ১২৯৭ হিজরী।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহির কোন রিসালা যাতে ইসমাইল দেহলবীর কিছু ইবারতের কঠোর ভাবে দমন করেন ?

✰ উত্তর ঃ সুবহানুস সুবুহ আন আইবে কাজবে মাকরুহ।।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কোন রিসালা যাতে ইসমাইল দেহলবী ও তার অনুসারীদের ভ্রান্ত মতবাদের খন্ডন করেন ?

✰ উত্তর ঃ–কাওকাবাতুশ শাহাবিয়াহ ফি কুফারি ইয়াতে আবি ওহাবিয়াহ। উর্দূ ভাষায় ১৩১২ হিজরীতে।

Sunniduniya.in

❖ প্রশ্ন ঃ- সরকারে হযরত রহমাতুল্লাহি আলায়হির সর্ব প্রথম লিখা কিতাবের নাম কি ?

☆ উত্তর ঃ–শারহে হিদায়াতুন নুহ। আরবী ১২৮০ হিজরী।

❖ প্রশ্ন ঃ- তারাবিতে ১১৪ বার বিসমিল্লাহ উচ্চস্বরে পাঠ কারীদের খন্ডনে আলা হযরত কোন কিতাব লিখেন ?

☆ উত্তর ঃ–ইনতেস্বরীল হুদা আন শা'ওবুন হাওয়া।

❖ প্রশ্ন ঃ- কোন পবিত্র তিন জায়গা যেদিকে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কোন দিন পা করেন নি ?

☆ উত্তর ঃ–কাবা শরীফ, মদিনা শরীফ, বাগদাদ শরীফ।

❖ প্রশ্ন ঃ- আলা হযরত রহমাতুল্লাহি আলায়হি কোন মহিলা যার মৃত্যুর খবর একমাস পূর্বেই দিয়েছিলেন ?

☆ উত্তর ঃ–রামপুর নবাবের স্ত্রীর।

❖ প্রশ্ন ঃ- সরকারে আলা হযরত রহমাতুল্লাহি আলায়হির নিজ দরবারে মিলাদ মহফিলের কাদের দুইগুন হিসসা দিতেন (ডবল দিতেন) ?

☆ উত্তর ঃ–সাইয়েদদের।

❖ প্রশ্ন ঃ- সরকারে হযরত রহমাতুল্লাহি আলায়হির সময়কালের বিখ্যাত ব্যক্তিদের সংখ্যা কত ?

☆ উত্তর ঃ–প্রায় ৬৮ জন।

